


<p>৩। সহকারী প্রকৌশলী (যন্ত্র) -০১টি (উপ-পরিচালক (পঃ ও উঃ) পদের বিপরীতে)</p> <p>বেতন স্কেল: টাঃ ২২০০০-৫৩০৬০/-</p>	<p>প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে যন্ত্রকৌশল বিভাগে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা এ.এম.আই.ই. বা উহার সমতুল্য যোগ্যতা থাকিতে হইবে। ইঞ্জিনিয়ার হিসাবে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।</p> <p>অথবা</p> <p>শুধুমাত্র বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে কোন অনুমোদিত কারিগরী শিক্ষাবোর্ড/প্রতিষ্ঠান হইতে যন্ত্রকৌশল-এ ডিপ্লোমাসহ সরকারী/আধা- সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে উপ-সহকারী প্রকৌশলী হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।</p>
---	---



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৭ আগস্ট ২০১৮ খ্রিঃ তারিখের ৫৭৬ স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত
রাজস্ব খাতের পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত এবং স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা
যাচ্ছে।

শর্তাবলী :

- ১। আগ্রহী প্রার্থীদের আবেদনের নির্ধারিত ফরমেট ও CV (Proforma) অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে
প্রার্থীর পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি (শিক্ষক পদের জন্য ট্রান্সক্রিপ্টসহ শিক্ষাগত যোগ্যতা এবং নম্বরের শতকরা
হার/গ্রেড পয়েন্ট উল্লেখ করতে হবে) ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্টের সত্যায়িত
অনুলিপি এবং কোন প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট হতে গৃহীত চারিত্রিক সনদপত্রসহ অধ্যাপক পদের জন্য মোট ১০ সেট,
সহকারী অধ্যাপক পদের জন্য ৮ সেট এবং অফিসার পদের জন্য ৩ সেট আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র প্রেরণ
করার সময় খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- ২। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে (প্রয়োজ্য ক্ষেত্রে)
প্রার্থীদের ন্যূনতম CGPA ৩.৭০ বা সমমান (সনাতন পদ্ধতির ৭০% নম্বর) থাকতে হবে এবং এস.এস.সি ও এইচ.এস.সি
পরীক্ষায় CGPA ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.০০ থাকতে হবে। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে Non Attainable
CGPA শিথিল করা যেতে পারে।
- ৩। আবেদনপত্রের সাথে “রেজিস্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” -এর বরাবরে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষক
ও কর্মকর্তা পদ সমূহের জন্য ৫০০/= (পাঁচশত) টাকার রূপালী/সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক লিঃ -এর ব্যাংক ড্রাফট সংযুক্ত
করতে হবে।
- ৪। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ৫। উল্লেখিত পদসমূহে আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ : ২৩/০৯/২০১৮ খ্রিঃ।
- ৬। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে।
তবে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তার জন্য অনুপার্জিত (Non-attainable) শিক্ষাগত
যোগ্যতা (শ্রেণী / বিভাগ) শিথিল করা যেতে পারে।
- ৭। বিভাগীয় দক্ষ প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা যেকোন একটি লিখিলযোগ্য হবে।
- ৮। অভিজ্ঞতার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষক/কর্মকর্তার জন্য অনুমোদিত বিধিমালা মোতাবেক প্রদত্ত চাকুরীকাল গণনার
নীতিমালা অনুসরণ করা হবে।
- ৯। সরকারী বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদানের ব্যবস্থা থাকবে।
- ১০। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত নীতিমালার অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।
- ১১। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ করা যেতে পারে যে, পদের সংখ্যা প্রয়োজনবোধে বাড়তে বা কমতে
পারে।
- ১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টি, এ / ডি, এ প্রদান করা হবে না।
- ১৩। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।